

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নিকলী, কিশোরগঞ্জ

স্মারক নং-০৫.৪১.৪৮৭৬.০০০.০৩.০০৪.১৭-৪০৬

তারিখ- ১৯/০৬/২০১৮খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ অনুযায়ী নিকলী উপজেলাধীন নিম্নে উল্লেখিত ইউনিয়ন পরিষদ সমূহের সংশ্লিষ্ট ওয়ার্ডে গ্রাম পুলিশের মহল্লাদার এর শূন্যপদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের নিমিত্ত সংশ্লিষ্ট ইউনিয়নের উল্লেখিত ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে বর্ণিত শর্তাধীনে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ইউনিয়নের নাম	পদের নাম	শূন্য পদ সংখ্যা	যে ওয়ার্ডে শূন্য	বেতন	শিক্ষাগত যোগ্যতা	শারীরিক যোগ্যতা
ডসংপুর	মহল্লাদার	৬টি	১নং, ২নং, ৩নং, ৪নং, ৬নং ও ৮নং ওয়ার্ড	স্থানীয় সরকার বিভাগ হতে সর্বশেষ প্রদত্ত পরিপত্র অনুযায়ী সরকারি ও ইউপি অংশের সর্বমোট ৩,০০০/- টাকা প্রদেয়	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা স্বীকৃত বোর্ড হতে জুনিয়র সার্টিফিকেট সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	পুরুষ প্রার্থীর ক্ষেত্রেঃ ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি খ) বুকের মাপ ৩০ ইঞ্চি(স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি মহিলা প্রার্থীর ক্ষেত্রেঃ ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট খ) বুকের মাপ ২৮ ইঞ্চি(স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি
দামপাড়া	মহল্লাদার	১টি	৪নং ওয়ার্ড			
কারপাশা	মহল্লাদার	৩টি	৩নং, ৭নং ও ৮নং ওয়ার্ড			
নিকলী সদর	মহল্লাদার	১টি	৩নং ওয়ার্ড			
জারইতলা	মহল্লাদার	৪টি	৩নং, ৪নং, ৬নং ও ৮নং ওয়ার্ড			
গুরই	মহল্লাদার	১টি	৪নং ওয়ার্ড			
ছাতিরচর	মহল্লাদার	১টি	৪নং ওয়ার্ড			
		১৭টি				

শর্তাবলিঃ

- আগামী ১৯.০৭.২০১৮ তারিকের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারী বরাবরে আবেদন দাখিল করতে হবে।
- আবেদনকারী বাংলাদেশের নাগরিক এবং সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা হতে হবে।
- ১৯.০৭.২০১৮ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বৎসর এবং মুক্তিযোদ্ধা প্রার্থীদের ক্ষেত্রে ৩২ বছরে মধ্যে হতে হবে।
- আবেদনের সাথে আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ ও বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) এবং কোটা (যদি থাকে) তা উল্লেখসহ সদ্যতোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্রে সত্যায়িত ফটোকপি, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব এবং শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকেই উক্ত নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল বা সংশোধন করতে পারবে।

(মোহাম্মদ ইয়াহ ইয়া খাঁন)
উপজেলা নির্বাহী অফিসার
নিকলী, কিশোরগঞ্জ

ও
সভাপতি


দফাদার ও মহল্লাদার নিয়োগ বাছাই কমিটি

স্মারক নং-০৫.৪১.৪৮৭৬.০০০.০৩.০০৪.১৭-৪০৬

তারিখ- ১৯/০৬/২০১৮খ্রি.

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে-

- ০১। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- ০২। পুলিশ সুপার, কিশোরগঞ্জ।
- ০৩। উপপরিচালক স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।
- ০৪। চেয়ারম্যান, নিকলী উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ।
- ০৫। সহকারী কমিশনার (ভূমি), নিকলী, কিশোরগঞ্জ।
- ০৬। উপজেলা ----- কর্মকর্তা, নিকলী, কিশোরগঞ্জ।
- ০৭। চেয়ারম্যান, ----- ইউনিয়ন পরিষদ, নিকলী, কিশোরগঞ্জ।
- ০৮। অফিস কপি/নোটিশ বোর্ড।



উপজেলা নির্বাহী অফিসার
নিকলী, কিশোরগঞ্জ

ও

সভাপতি

দফাদার ও মহল্লাদার নিয়োগ বাছাই কমিটি